
দৈনিক ইত্তেফাক

তারিখ 16 JAN 1993
পৃষ্ঠা ৩ কলাম ৪



গত বৃহস্পতিবার যুক্তরাষ্ট্রের উইসকনসিন বিশ্ববিদ্যালয় ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষা সংক্রান্ত একটি চুক্তি স্বাক্ষরিত হয়। ছবিতে উইসকনসিন বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলরের প্রতিনিধি, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান প্রফেসর ডঃ জিল্লুর রহমান খান এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর এমাজউদ্দিন আহমেদ নিজ নিজ বিশ্ববিদ্যালয়ের পক্ষে চুক্তিপত্র বিনিময় করিতেছেন —ইত্তেফাক

## উইসকনসিন বিশ্ববিদ্যালয় ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষা সংক্রান্ত চুক্তি স্বাক্ষর

ইত্তেফাক রিপোর্ট ॥ গত বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসির অফিস কক্ষে যুক্তরাষ্ট্রের উইসকনসিন বিশ্ববিদ্যালয় এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষা সংক্রান্ত একটি চুক্তি স্বাক্ষরিত হইয়াছে। এই চুক্তির আওতায় উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে গবেষণা, শিক্ষা ও সাংস্কৃতিক

( ৫ম পৃঃ দ্রঃ )

### উইসকনসিন বিশ্ববিদ্যালয়

( ৩য় পৃঃ পর )

কর্মকাণ্ড, বক্তৃতা এবং শিক্ষক ও প্রশাসনিক কর্মকর্তা বিনিময়ের ব্যবস্থা করা হইবে। উইসকনসিন বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর মিঃ জন ই, কেরিগান'এর ব্যক্তিগত প্রতিনিধি ও উক্ত বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান প্রফেসর ডঃ জিল্লুর রহমান খান এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর এমাজউদ্দিন আহমেদ নিজ নিজ বিশ্ববিদ্যালয়ের পক্ষে এই চুক্তিতে স্বাক্ষর করেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি ডঃ ওয়াকিল আহমেদ, কলা অনুষদের ডীন, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি ডঃ কে, এম মোহসীন, আইন অনুষদের ডীন প্রফেসর এরশাদুল বারী, বিজ্ঞান অনুষদের ডীন প্রফেসর এম,এ কায়েজ প্রমুখ এই সময় উপস্থিত ছিলেন।

এই চুক্তির আওতায় উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে সহযোগিতামূলক গবেষণা প্রকল্প পরিচালনা করা হইবে। চুক্তিতে উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে সমন্বিত শিক্ষাদান কার্যক্রম আয়োজন করার ব্যাপারেও গুরুত্ব আরোপ করা হইয়াছে। এই কার্যক্রমের সহিত সংশ্লিষ্ট সকল খরচ জাতীয় অথবা আন্তর্জাতিক সংস্থাসমূহ বহন করিবে। উদ্যোক্তা বিশ্ববিদ্যালয় কোন ব্যক্তি বা পরিবারের মাধ্যমে অতিথি শিক্ষক অথবা কর্মকর্তার থাকা খাওয়ার ব্যবস্থা করিবে। প্রথম পর্যায়ে চুক্তির মেয়াদ হইবে তিন বছর।

ডঃ জিল্লুর রহমান খান বলেন উইসকনসিন বিশ্ববিদ্যালয় এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধ্যে নিয়মিত শিক্ষক বিনিময় এবং অন্যান্য ক্ষেত্রে যোগাযোগ অব্যাহত রাখা এই চুক্তির প্রধান উদ্দেশ্য। ভিসি প্রফেসর এমাজউদ্দিন আহমেদ বলেন, এই চুক্তি বাস্তবায়িত হইলে শিক্ষার ক্ষেত্রে ঢাকা বিশ্ববিদ্যালয় সমৃদ্ধ হইবে।